সম্ভবত ১৯৬৭-৬৮’র ঘটনা। যথারীতি লেদার টেকনোলজি ডিপার্টমেন্টে ফিজিক্সের ক্লাস নিয়ে অ্যান্লামায়েড ফিজিক্স ডিপার্টমেন্টের গেটে ঢোকান মুখে হঠাৎ দুটো মেয়ে আমার পায়ে হাত দিয়ে প্রণাম ঠুকে দিল। আমি তো অবাক! জিজ্ঞাসা করলাম— ‘কি ব্যাপার? —আমি তো এরকম প্রণাম পেতে অভ্যস্ত নই’। ওরা দু-জন জানাল যে হায়ার সেকেন্ডারিতে খুব ভালো রেজাল্ট করেছে, সেটাই আমাকে জানাতে এসেছে। — আর আমি নাকি ওদের কবে গাইড করেছিলাম। তাই ওদের এমন রেজাল্ট হয়েছে।

কিছুক্ষণ কথা বলার পর আমাদের মেশিন ল্যাবে গিয়ে মোটর-জেনারেটর সেট চালু করে দিলাম। (এই সূত্রে বলে রাখি, ১৯৫৬ সাল নাগাদ, যে সময়ে হিন্দি-চীনা ভাই-ভাই চলছে, সেই সময়ে চীনের প্রধানমন্ত্রী চৌ এন লাই কলকাতায় এসেছিলেন এবং কলকাতা বিশ্ববিদ্যালয়কে একটা মডেল ‘এডি কারেন্ট ব্রেক-মোটর/জেনারেটর সেট’ জাতীয় উপহার দিয়েছিলেন এবং সাথে চীনে ভাষায় লেখা কয়েক পাতা নির্দেশাবলী ছিল। —সেটার পাঠোদ্ধার করাও আমার একটা রিসার্চের বিষয় ছিল —সে একটা ইতিহাস)। কিছুক্ষণ কাজ করার পর যথারীতি দোতলায় আমার আসল কাজের জায়গায় চলে এলাম।

দোতলায় ড. ডি বি সিনহা-র ল্যাবের মধ্য দিয়ে আমার ছোটো ঘরে ঢুকলাম। (এই ঘরটাই আমার গবেষণাগার। সেখানে নিম্ন তাপমাত্রায় গোরু/মহিষের চামড়ার কার্যকারিতা পরীক্ষা করাই আমার কাজ। —সে আর এক ইতিহাস)। আমার গবেষণাগারে ঢুকে ক্যাপস্টান সিগারেটের তামাকপাতা কাগজে পাকিয়ে সবে সিগারেটটা ধরিয়েছি, দেখি স্বয়ং ড. সিনহা আমার ঘরে ঢুকেছেন। কী করব ভেবে উঠতে না পেরে সঙ্গে সঙ্গে সিগারেট-সহ হাতটা প্যান্টের পকেটে ঢুকিয়ে ফেলেছি। স্যার বলে উঠলেন, ‘আরে বাপু তোমার প্যান্টের পকেট থেকে তো ধোঁয়া বেরুচ্ছে’! — আমি আর কী করি সিগারেটটা ফেলে দিলাম। স্যারকে চেয়ারে বসতে দিলাম। স্যার বসলেন। তারপর বললেন, ‘আমাকে একটা সিগারেট পাকিয়ে দাও তো’। — দিলাম। এরপর সিগারেটে একটা টান দিয়ে বললেন, ‘আচ্ছা বাপু, আমি তো এখানে এতদিন কাজ করছি, কই আমাকে তো কেউ পায়ে হাত দিয়ে নমস্কার করতে দেখিনি। এদিকে দেখলাম তোমাকে দুটি মেয়ে নমস্কার করছিল’।

– আমি বিব্রত। একটু অপ্রস্তুত হয়ে সংক্ষেপে যা হয় একটা কিছু বলে দিলাম। সিগারেটের প্রশংসা করে আমার কাজের খবরাখবর নিলেন এবং মেশিন ল্যাভের কাজের জন্য যে আমার প্রাপ্য টাকা গভর্নমেন্টের থেকে পাইনি সে নিয়ে আলোচনা করলেন এবং গভর্নমেন্টকে দোষারোপ করলেন।

আমরা মাস্টারমশায়দের অনেকের সাথে খুব ঘনিষ্ঠভাবে মিশেছি যেমন, মণিবাবু, শ্রীকৃষ্ণবাবু, মনোরঞ্জনবাবু, সুবোধদা, শম্ভুদা এবং আরও অনেকের সাথে। কেবল অনন্তবাবু একটু ব্যতিক্রম। ওনার কাছে ঘেঁষা খুব সহজ ছিল না। আমি ১৯৭০ সালে দেশ ছেড়ে এসেছি। অবশ্য বিদেশে আসার পর অনন্তবাবুর সঙ্গে আমার খুবই ঘনিষ্ঠতা হয়েছিল। আজও সেই স্মৃতি ভেসে আসে!



Author: Dhiren Kumar Chakraborty is an Applied Physics alumnus of 1961-batch. After a short stint as a research scholar and a lecturer in the Department of Applied Physics he left for USA in 1970 and joined Southeastern Pennsylvania Transportation Authority and served in various positions like Manager, Engineering and Capital Programs, Program manager, Port Authority Trans-Hudson (PATH) Corporation till 1996. He has more than 30 years of experience working with the Urban Mass Transit Administration/FTA/Federal Railroad Administration. He was very much involved in UMTA/FTA in writing, reviewing, editing and specifications with special emphasis on Buy America Clauses, “Liquidated Damage” and Fleet Defects Clauses and implementation of the same during procurement processes. He authored a number of research papers in various journals. He is a member SAE, American Public Transit Association.

অ্যাপ্লায়েড ফিজিক্স ডিপার্টমেন্টের স্মৃতিমধুর দিনগুলি

চন্দন কুমার বন্দ্যোপাধ্যায়

১৯৬৫ সালে প্রেসিডেন্সি কলেজ থেকে বিএসসি ফিজিক্স অনার্স নিয়ে পাশ করে অ্যাপ্লায়েড ফিজিক্স ডিপার্টমেন্টে ভর্তি হই। প্রথম দিনই লাইব্রেরি ল্যাবরেটরি ঘুরে, স্টাফদের সঙ্গে কথা বলে এই ডিপার্টমেন্টের পাঠ্য বিষয় মনে হল— ইঞ্জিনিয়ারিং! ভাবলাম ফিজিক্স ডিপার্টমেন্টে ফিরে যাব কিনা। কিন্তু ততদিনে ভরতি বন্ধ হয়ে গেছে। – রয়ে গেলাম এই ডিপার্টমেন্টেই। প্রথম দিন ফাস্ট পিরিয়ডে ডিপার্টমেন্টের হেড শ্রী অনন্ত কুমার সেনগুপ্ত মহাশয়ের ক্লাস। সুন্দর সৌম্যকান্তি চেহারা। ধপধপে সাদা ধুতি-পাঞ্জাবি পরা। প্রথম দর্শনেই শ্রদ্ধায় মাথা নত হয়ে এল। রোল কল হয়ে গেলে আমরা একে একে নাম এবং কোন কলেজে থেকে পাশ করে এসেছি বললাম। এবারে এই ডিপার্টমেন্টের বিগত দিনের গৌরব কথা ও প্রাক্তনীদেব বিভিন্ন কর্মক্ষেত্রে প্রতিষ্ঠা ও অবদানের কথা বললেন। তখন অ্যাপ্লায়েড ফিজিক্স ডিপার্টমেন্টের গুরুত্ব বুঝতে পারলাম। মনে হল সঠিক সিদ্ধান্তই নিয়েছি।

একদিনের ঘটনা বলি। সেদিন সকাল থেকেই মুষলধারে বৃষ্টি হচ্ছিল। তবুও দু-একজন ছাড়া সবাই কমবেশি জলে ভিজে ভিজে উপস্থিত হয়েছিলাম ক্লাসে। প্রথম পিরিয়ডই অনন্তবাবুর। হঠাৎই কয়েকজন মিলে ঠিক করল আজ ক্লাস করব না। নির্মাল্যই নাটের গুরু। আমরা গুটিকয়েক ছেলে ক্লাসে রইলাম, বাকিরা সব ড্রয়িং-ক্লাস রুমে চলে গেল। অনন্তবাবু ক্লাসে এসে জিজ্ঞেস করলেন, ‘এ কী, তোমরা মাত্র পাঁচজন? – আজ আর ক্লাস নেব না’। আমরা ছুটে গিয়ে খবর দিলাম। নির্মাল্য বলে উঠল, ‘হিফ্ হিফ্ ছররা’।

আমাদের অ্যাপ্লায়েড মেকানিক্সের ক্লাস নিতেন শম্ভুবাবু। ওয়ার্কশপ প্র্যাকটিক্যালের ক্লাস করাতেন ইন্দ্রবাবু। প্রতিটি ছেলেকে খুব যত্ন সহকারে নিজের হাতেই লেদমেশিন, ড্রিলিং মেশিন ইত্যাদির কাজ শেখাতেন। কী করে মেশিনে টুল বাঁধতে হয়, জব-সেট করতে হয়, মেশিন স্টার্ট ও স্টপ বা স্পিড কন্ট্রোল, ইত্যাদি করতে হয় দেখিয়ে দিতেন। আর একটা ল্যাবরেটরি ছিল মেটেরিয়াল টেস্টিংয়ের। ইমপ্যাক্ট টেস্টিং মেশিনে চার্পি আর আইজড টেস্টিংয়ের কথা মনে আছে।

ইলেকট্রিক মেশিন শপ ছিল এক তলায়। – মোটর, জেনারেটর, ট্রান্সফর্মার, কন্ট্রোল প্যানেল ইত্যাদি দিয়ে ভরতি। দোতলায় ছিল ইনস্ট্রুমেন্টেশন ল্যাবরেটরি। ওই ল্যাবে ভূপেনদা আমাদের

খুব সাহায্য করতেন। মানসবাবুর ড্রয়িং ক্লাসে অধিকাংশ ছেলেরাই কয়েকজনের ড্রয়িং শিট থেকে কাঁটা মারতাম। মাঝে মাঝে স্যার টহল দিতেন, ধরা পড়লে শাস্তি। সার্ভের দিন সবাই খুব খুশি, ক্যাম্পাসে ঘোরাঘুরি করে কাজ। সারা কমপাউন্ড ঘুরে সার্ভে করতে হত। অমলবাবু আমাদের ইলিউমিনেশন ইঞ্জিনিয়ারিংয়ের ক্লাস নিতেন। ওনার ক্লাসে বেশ গণ্ডগোল হত। গিরীনবাবু আমাদের সার্কিট থিয়োরি পড়াতেন। খুবই ভালো শিক্ষক। সর্বদাই মুখে হাসি লেগে থাকত। পার্কার স্মিথের বইটি ফলো করতে বলতেন। বলতেন এর বাইরে থেকে কোনো প্রশ্ন পরীক্ষায় সেট করা হয় না। এই প্রসঙ্গে বলি, প্রমথেশ মনে মনে হিসেব করে অল্প সময়ের মধ্যেই অনেক অঙ্কের প্রায় সঠিক উত্তর বলে দিতে পারত। আমরা স্লাইড রুল দিয়েও ওর আগে অঙ্কটা কষতে পারতাম না। প্রমথেশের এই ক্ষমতা খুবই প্রশংসনীয়।

ডক্টর ডি বি সিনহা আমাদের ‘হিট অ্যান্ড থার্মোডিনামিক্স’ পড়াতেন। ছোটোখাটো বেঁটে ভারী চেহারার মানুষ ছিলেন। উনি ক্লাসে ঢুকলেই আমাদের খরহরি কম্প হত। প্রত্যেকের নাম মুখস্থ। রোজই একেবারে সামনে এসে চোখে চোখ রেখে পড়া ধরতেন। সেজন্যই ওনার পড়াটা করে যেতাম। এর সুফল পেয়েছিলাম। ওনার পেপারে পঞ্চাশে আটচল্লিশ পেয়েছিলাম।

সুধেন্দুবাবু পড়াতেন বয়েলার। বিশেষ বুঝতে পারতাম না। কান্তিবাবু সুইচ গিয়ারের উপর ক্লাস নিতেন। খুব ভালো পড়াতেন। শ্রীকৃষ্ণবাবু আমাদের ডিসি মোটর পড়াতেন। দীর্ঘদেহী সুদর্শন পুরুষ, ভারি অমায়িক মানুষ। ইলেকট্রিক্যালের মণিবাবু একজন অসামান্য শিক্ষক ছিলেন। – পড়াতেন ট্রান্সফর্মার ও এসি মেশিন। ওনার ধুতির কোঁচা মাটিতে লোটাতে। অরুণ ওনার প্রিয় ছাত্র ছিল।

ইলেকট্রনিক্সের মণিবাবু বেশ লম্বা সুপুরুষ সৌখিন মানুষ ছিলেন। কলেজে ধুতি-পাঞ্জাবি পরে আসতেন। উনিও ক্লাসে নোটস নিয়ে আসতেন। কিছু জিজ্ঞেস করলে বলতেন এটা তো কোনো বইতে পাবে না। আমাদের ইনস্ট্রুমেন্টেশনের ক্লাস নিতেন অজয়বাবু। তবে উনি পড়ানো শেষ করার আগেই ইংল্যান্ডে চলে যান। আমরা কয়েকজন ওনাকে দমদম এয়ারপোর্টে সি-অফ করে এসেছিলাম। এরপর শচীনবাবু বাকিটা পড়িয়েছিলেন। শচীনবাবু ইন্ডাস্ট্রি থেকে এসেছিলেন। আর একজন অসম্ভব গুণী শিক্ষককে পেয়েছিলাম। ড. সুবোধ চন্দ্র সোম। উনি পড়াতেন ম্যাথামেটিক্স ও ফিজিক্যাল অপটিক্স। নানা বিষয়ের উপর গল্পছলে অনেক কথা বলতেন। – ইতিহাস, ভূগোল, সাহিত্য, সাম্প্রতিক ঘটনাবলী নানান বিষয়ে। অধ্যাপক মনোরঞ্জন দে মশায়ের ক্লাস করার সৌভাগ্য আমাদের হয়নি।

এভাবেই বছর ঘুরতেই হঠাৎই একদিন অটোমেটিক সেকেন্ড ইয়ারে উঠে গেলাম। কেননা ফাস্ট-ইয়ারে কোনো পরীক্ষা ছিল না। আরও একটা বছর গড়াল। বছর শেষে বি টেক ফাইনাল পরীক্ষা। একসাথে দুই বছরের কোর্স। চোখে সর্ষে ফুল দেখার অবস্থা। পরীক্ষা এল এবং হয়েও গেল। রেজাল্ট আউটের দিন দুরূ দুরূ বক্ষে ডিপার্টমেন্টে হাজির হলাম। বন্ধুরা সব এগিয়ে এসে আমাকে জড়িয়ে ধরল, – চন্দন, তুই-ই ফাস্ট। আমি বিশ্বাস করতে পারছিলাম না। বাড়িতে ফিরে মা-বাবাকে প্রণাম করলাম। সবাই খুশি। সেই রাতে পায়ের পায়ের হয়েছিল।

এবার শুরু হল এম টেক-এর ক্লাস। আমরা বারোজন ইনস্ট্রুমেন্টেশন স্পেশাল নিলাম। – বাকিরা নিল ইলেকট্রিক্যাল। অমলবাবু আমাকে ডেকে অপটিক্স নিয়ে এম টেক পড়তে বলেছিলেন। অপটিক্স আমার মাথায় ঢোকে না বললাম। বুঝতে পারলাম স্যার একটু অসন্তুষ্ট হয়েছেন। এম টেক-এ সমীরবাবুর ক্লাসের কথা মনে পড়ে। ওনার পড়ানো ভালো লাগত। এবারে চাপ বেশি। চিন্তা বি টেকের পজিশনটা ধরে রাখতে পারব কিনা। এদিকে ডিসেম্বরের মাঝামাঝি থেকেই মায়ের শরীর ক্রমশই খারাপের দিকে যাচ্ছে। বাবা কবিরাজি ওষুধ এনে দিতেন। কোনো লাভ হচ্ছে না দেখে এক সময় আর জি কর হাসপাতালে ভরতি করানো হল। অপারেশন করাতে হবে। টাকার দরকার। রক্ত জোগাড় করতে হবে। দোসরা জানুয়ারি অপারেশন। মনমেজাজ খুবই খারাপ। কীভাবে এত টাকা জোগাড় করব কিছুতেই ভাবতে পারছি না। পড়াশোনা, কলেজ যাওয়া সবই বন্ধ। অপারেশনের দিনই মা অমৃতলোকে রওনা হলেন। তেইশ বছর বয়সেই মাতৃহারা হলাম।

কিছুতেই পড়াশোনায় মন বসাতে পারছি না। বন্ধুবান্ধবরা সাহায্য দিল। মনটা একটু শান্ত হল। ধীরে ধীরে পড়াশোনায় মন বসলাম। পরীক্ষার মাত্র চার মাস বাকি তখন। কলেজ স্ট্রিট ক্যাম্পাসে দ্বারভাঙা বিল্ডিংয়ের ছাদের উপর টিনের চালাঘরে পরীক্ষা দিতে গিয়েছিলাম। এবার রেজাল্ট আউট হবার পালা। শুনলাম এবারেও ফাস্ট হয়েছি। বাড়িতে এবার পায়ের কেউ নেই। আমার এই সাফল্য মাকেই উৎসর্গ করলাম।

রি-ইউনিয়নের দিনের নাটকের একটা ঘটনার কথা মনে পড়ল। নাটকে একটি চাকরের পাট একজনের করার কথা ছিল। নাটকের দিন তার দেখা নেই। কী করা যায়? আমাদের ক্লাসের জ্যোতিষ স্টেজের পাশেই ছিল। ওকে ধরে একটা ধুতি পরানো হল। গায়ে গেঞ্জি, কাঁধে গামছা ও গালে একটি বড়ো তিল লাগিয়ে স্টেজে ঠেলে দেওয়া হল। জ্যোতিষ ম্যানেজ দিয়ে পাট শেষ করে স্টেজ থেকে নেমে এল। আমরা হাততালি দিয়ে বাহবা জানালাম।

আমরা কুড়িজন ইন্ডাস্ট্রিয়াল ট্যুরে গিয়েছিলাম। ডিপার্টমেন্ট কিছু টাকা ধার্য করত। আমাদের প্রত্যেককে কুড়ি টাকা করে দিতে হয়েছিল। ট্যুরের দিন আমরা সবাই হাওড়া স্টেশনের বড়ো ঘড়ির নীচে জমায়েত হলাম। কান্তিবাবু স্যার আমাদের নেতা ও গাইড। কিন্তু পুরো ট্যুরে দেখা গেল স্যারকে রেহাই দিয়ে নির্মাল্য ও আরও দু-একজন নেতাকিরি করেছে। বেলা দুটোর সময় ঝাড়সুগদা এক্সপ্রেস হাওড়া থেকে ছাড়ল। নামেই এক্সপ্রেস, কামে প্যাসেঞ্জার। প্রায় প্রতি স্টেশনেই থেমে থেমে চলল। পরের দিন সকাল আটটায় ঝাড়সুগদায় ট্রেন পৌঁছোল। ট্রেন থেকে নেমে প্রাতঃকৃত্য সেরে নাস্তা করলাম। এই প্রথম ‘নাস্তা’ শব্দটির সঙ্গে পরিচিত হলাম।

এরপরে সর্দারজির বাসে চেপে সোজা হীরাকুঁদ ড্যাম। এই ড্যামের হাইড্রোইলেকট্রিক পাওয়ার স্টেশন দেখতে যাওয়া হবে। নীচে নেমে টারবাইন-জেনারেটর ইত্যাদির সাথে সাক্ষাৎ পরিচয় হল।

উপরে এসে একটা অ্যান্সাসাডার গাড়িতে চেপে ড্যামের ওপারে গেলাম। একটা গাড়িতে দশজনকে চেপেচুপে ঠেসে দিয়ে দরজা বন্ধ করে হেল্লার ডিকিতে আশ্রয় নিল। আর ড্রাইভার সাহেব শরীরের অর্ধেক অংশ বাইরে রেখেই গাড়ি ছুটিয়ে দিল। আমরা তো অবাক। ওপারে কিছুক্ষণ ঘুরে

এপারে ফিরে এলাম। কান্তিবাবু ড্যামের ইতিহাস বললেন। এরপর আমাদের গন্তব্যস্থল শিল্পনগরী জামশেদপুর। টাটানগরে টেলকো কারখানা পরিদর্শন করা হল। – বিশাল কারখানা! বিকেলে জুবিলি পার্কে গেলাম। সেখানে একটি রেস্টুরেন্টে জমিয়ে মশলা-ধোসা ও কফি খাওয়া হল। জীবনে এই প্রথম ধোসা ও কফির স্বাদ পেলাম। এরপর রাঁচি। এখানে হেভি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন। এটাও বিশাল কারখানা। রাঁচি থেকে পাঁচ ঘণ্টার বাস-জার্নি করে নেতারহাট। ইয়োথ হস্টেলে-ঠাই মিলল। রাতে শালপাতায় গরম গরম ভাত, ডাল, বেগুনি খেয়ে নিদ্রাদেবীর আরাধনায় মগ্ন হলাম। নির্মাল্য অ্যান্ড কোম্পানি যথারীতি তাস পিটতে বসে গেল। পরের দিন সকালে সূর্যোদয় দেখে নয়ন সার্থক করলাম। রাঁচিতে ফিরে এসে যাওয়া হল চিত্তরঞ্জনে। রেল স্টেশনটি বিহারে। শহরটি বাংলায়। রূপনারায়ণপুরে হিন্দুস্থান কেবলের ফ্যাক্টরি পরিদর্শন করলাম। এইভাবে দশ দিনের টুর শেষ হল। হাওড়া স্টেশনে পৌঁছে সবাই যে যার বাড়ির দিকে রওনা দিল। আমি এগারো নম্বর বাস ধরলাম। সব শেষে বলি অ্যান্ড অ্যালায়েড ফিজিক্স ডিপার্টমেন্ট আমাদের জীবনে প্রতিষ্ঠিত করার সোপান।

I LOVE MY DEPT.



লেখক : চন্দন কুমার বন্দ্যোপাধ্যায় অ্যান্ড অ্যালায়েড ফিজিক্সের ১৯৬৫-ব্যাচের ছাত্র। অল্প কিছুদিন বি কে সি কলেজে পড়ানোর পর ফার্টিলাইজার কর্পোরেশনে চাকুরি। কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ার। ১৯৯২ সালে কিছুদিন আইএসজিইসি থম্পসনে কাজ করে ক্রেবস অ্যান্ড সিআইই-তে যোগদান। ১৯৯৫ থেকে ২০১৩ অবধি ডিসিপিএল-এ কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ার। এই সময়ের মধ্যে কুলজিয়ান কর্পোরেশনের কাজে চার বছর ফিলাডেলফিয়ায় এবং এক বছর সৌদি আরবে কাটাতে হয়েছে।

My experience with Applied Physics

Probir Kumar Bhattacharyya

When I passed out from Serampore College with Honours in B.Sc., I had no idea about what options I had apart from studying M.Sc. in Physics. Being a boy from Mufassil town, Rishra, I was not much better than a student from a village. Anyway, the results came out and I filled in the forms for entry into the post graduate curriculum of M.Sc. (Physics) and a few other options and then forgot all about it. I was a regular cricket player in a Serampore sub-division team, and I was more interested in my club activities.

It was probably sometime in March 1971; the list of selected students was published and I found my name in the list of the department of Applied Physics in Rajabazar Science College. I completed the formalities for admission without even knowing what that would mean then and later in my life. I was busy with my end-of-season cricket matches.

I went to Applied Physics on a Saturday in early April, 1971, just to have an idea of what the Department looks like and what the office staff is like. I entered the office room of the department at the ground floor and showed my papers. The office staff cross-checked with their records and made a few entries. I received a small rebuke for coming late as the classes had already commenced. They directed me to the room of the head of the department (HOD), Professor G N Bhattacharyya who used to sit on the first floor. I was already a bit scared after my encounter of the first kind with the office. I reached the first-floor office of Prof. GN Bhattacharyya with a bit of fear in mind. I knocked on the door and entered his chamber. By that time, my legs had already turned to jelly.

And then everything changed. In front of me, was a white haired, smiling, and saintly professor with a welcoming face. The smile was so affectionate that it took away all my fears. The reverence made my head bow down in respect. I touched his feet. He pulled me up and offered me a seat. He asked my name and made a note in his register that he used for attendance of students. He said 'classes have already started. But don't worry. Join

the classes at the beginning of the following week. You would pick up the backlog very soon'. I met my classmates in the ground floor workshop. Once again, the smiling faces and the welcoming gestures made me feel so much at home that I couldn't bear to wait for the next Monday.

Classes started, days rolled by, weeks passed, years fell behind. There are innumerable memories that I can cherish even now. But every good thing concludes and one day I realized that I had passed out from Applied Physics. I am now an M. Tech. and a marketable commodity in the industry. I am not getting into the details of my career. But Applied Physics had prepared me for the most difficult and toughest challenges in the professional arena and I always came out of rough weather and met the challenges that I faced.

Today, I fondly remember my days in Applied Physics and still remember the professors who prepared us for professional life. Prof. GN Bhattacharyya, Prof. M. De, Prof. Manindranath Roy, Prof. M N Ghosh, Prof. SK Basu, Prof. S N Dutta, Prof. TK Mitra, Prof. S N Chakraborty, Prof. S P Bhattacharyya, Prof. S P Basu, Prof. R N Chakraborty (an associate professor at the time of retirement and a very good friend despite the age difference) are a few names that I can remember. There are many more names that I have not mentioned here. But they all have contributed to making me what I am today.

The Centenary celebrations are due, and we all are eagerly looking forward to the same.



Author: Probir Kumar Bhattacharyya is a 1970-batch student. After doing M Tech he worked in H. Guru Instruments for a short stint. Then joined MECON, Ranchi in 1978 and worked in different capacities in different branches of Bokaro Steel Plant like CPP-4, Rolling Mills Proposal Dept (EPC), Rooking Mills (EPC) of Bokaro Steel Plant and finally retired from MECON in 1911. Now attached to Shapoorji Pallonji Group, EPC Division as a Design Interfacing and Installation Advisor.

আবছা স্মৃতির পাতা থেকে

রঞ্জন ঘোষ

আজ ২০২৪-এর ২৪ শে জানুয়ারি। সুদূর গুরগাঁও থেকে উড়ে এসে পৌঁছে গেছি কলকাতার আলো বালমল ‘ধনধান্য’ অডিটোরিয়ামে। বহু লোকের আয়োজন। ইতিউতি উঁকি মারছি লবিতে অডিটোরিয়ামে— পরিচিত মুখের সন্ধানে। হঠাৎ কেন জানি মনটা ভারী হয়ে উঠল। ভিড় থেকে দূরে সরে এলাম। একান্তে এক জয়গায় বসে পড়লাম। চোখটা বুজে আসছিল...। হঠাৎ মনে হল স্বপ্ন দেখছি নাকি! এখনও তো ২০২৪ সাল আসেনি। এখনও তো ‘ধনধান্য’-র অনুষ্ঠানের অনেক দেরি। সব তো অডিটোরিয়ামের বুকিং হয়েছে। আমি তো এর প্রস্তুতি পর্বের স্যুভেনিরের জন্য লিখতে বসেছিলাম। ভাবতে ভাবতে ২০২৪-শের ২৪শে জানুয়ারিতেই চলে গিয়েছিলাম! ডিপার্টমেন্টের স্মৃতিতে ফিরি...

১৯৭০ সালের গোড়ার দিক। সায়েন্স কলেজের গেট দিয়ে ঢুকতেই দেখলাম রাস্তার ডান দিকে বেশ কিছু ছেলেমেয়ের ভিড়। কাছে গিয়ে বুঝলাম আমারই মতো বিএসসি অনার্সের ছাত্র-ছাত্রীর ভিড়। ভরতি হতে এসেছে এই কলেজে। আমাদের সবার ভাগ্য সামনের নোটিস বোর্ডে লিস্ট হয়ে বুলে আছে। এমএসসি ফিজিক্স, বি টেক-অ্যাপ্লায়েড ফিজিক্স এবং বি টেক-রেডিয়ো ফিজিক্স অ্যান্ড ইলেকট্রনিক্সের লিস্ট বেরিয়েছে। ভিড়ের মধ্যে মাথা গলিয়ে চোখ বোলাতে লাগলাম লিস্টে। যদি আমার নামটা দেখা যায়! হঠাৎ চোখে পড়ল – আরে আরে ওই তো রঞ্জন ঘোষ।

তারই মধ্যে আমার বন্ধু Sudipta Chattopadhyay-এর নামটা ছিল। দেখলাম ওই নামটা কোনো ছেলের নাকি কোনো মেয়ের নাম তাই নিয়ে ছেলেদের মধ্যে তর্ক চলছে। – আমি মনে মনে মজা পাচ্ছিলাম।

Men will always be men!

কিছুদিন বাদে আসল কর্মকাণ্ডের শুরু। ক্লাস আরম্ভ হবে। ডিপার্টমেন্টে ঢুকে এদিক ওদিক খুঁজে ক্লাস রুটিন পাওয়া গেল। ক্লাস শুরু হয়ে গেল। মনে পড়ে প্রথম দিনের প্র্যাকটিক্যাল ক্লাসের কথা। মেটেরিয়াল টেস্টিং ও ওয়ার্কশপ-এর ক্লাস। প্রফেসর শম্ভুনাথ দত্ত-র ঘরে যেতে হবে। সেখানে পৌঁছোতে উনি আমাদের ভেতরে ডাকলেন। আলাপ পরিচয় হল। ওনার নির্দেশে RNC-স্যারের ঘরে পৌঁছে গেলাম। হ্যান্ডসাম ইয়াং লেকচারার। ঘনিষ্ঠভাবে আলাপ পরিচয় হল।

ওঁর সঙ্গে কথা বলে বেশ খানিকটা হালকা হওয়া গেল। উনি আমাদের নিয়ে গেলেন ওয়ার্কশপে ইন্দ্রবাবুর সাথে পরিচয় করিয়ে দিতে। বুঝতে পারলাম মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং দিয়ে শুরু হচ্ছে।

এর আগে প্রাথমিক কিছু কথা হবে। আমাদের সবাইকে ডাকা হল। ল্যাবরেটরির মধ্যে লম্বা একটা কাঠের টেবিলের চারদিকে কাঠের টুল সাজানো। সেখানে ঠাসাঠাসি করে বসলাম সকলে। কিছুক্ষণের মধ্যেই একটি ঝকঝকে সপ্রতিভ সুন্দরী মেয়ে ল্যাবরেটরিতে ঢুকল। স্বভাবতই ছেলেরা একটু চঞ্চল হয়ে উঠল। টেবিলের এক কোণে আমি বসেছিলাম। সোজা এসে আমার টুলে একধারে ঠেলেঠেলে জায়গা করে নিয়ে বসে পড়ল। পড়ে যাওয়ার ভয়ে আমার কাঁধে হাত দিয়ে ধরে নিজের ভারসাম্য বজায় রাখল। সেই যুগে ওইরকম অবলীলায় একটি ছেলের কাঁধে হাত দিয়ে বসার মতো মানসিকতার মেয়ে এর আগে দেখিনি বলা যায়। পরবর্তীকালে ওকে আরও ভালো করে জানার সুযোগ হল আমাদের খুব কাছের গ্রুপের সদস্য হিসাবে। এবার একটু পড়াশুনোর কথায় আসা যাক।

উচ্চ মাধ্যমিক পরীক্ষার পর থেকে কীরকম যেন পাখা গজিয়ে গেল। ভালো রেজাল্ট করার জন্য পড়াশোনা করতে হবে এই ব্যাপারটা কোনোমতেই মেনে নিতে পারিনি। কাছের বন্ধুরা খেটেখুটে পরীক্ষার জন্য নোট বানিয়ে আমার জন্য একটা কার্বন কপি বানিয়ে দিত। তাইতেই কোনোমতে উতরে গেছি।

তবে পদার্থ বিজ্ঞানের রহস্যের গভীরে পৌঁছে যাওয়ার জন্য পড়াশুনা করার বিপুল আগ্রহ ছিল। তা আরম্ভ হয়েছিল আমার স্কুল জীবনে যখন একাদশ শ্রেণির ছাত্র ছিলাম। স্কুলের সরস্বতী পুজোয় সায়েন্স এগজিবিশনের জন্য অ্যাসিডের বোতল কেটে উইলসনক্লাউড চেম্বার বানানো। তার মধ্যে কসমিক রে-র ট্র্যাক ডিটেক্ট করা— এক অবিস্মরণীয় স্মৃতি। সেই থেকে কসমোলজি এবং কোয়ান্টাম ফিজিক্সের প্রতি আগ্রহ জন্মে যায়। এই ব্যাপারে সাথী হিসেবে পেয়েছিলাম পার্থসারথী ভট্টাচার্যকে। ও আমাদের সাথে বি টেক ফাস্ট ইয়ারে ভরতি হয়েছিল। তবে প্রথম বছরেই ওকে ডিপার্টমেন্ট ছাড়তে হয়েছিল ওর বাবা মারা যাবার পরে। কিন্তু আমাদের বন্ধুত্ব প্রায় ৫০ বছর ধরে আজও অটুট রয়েছে।

ক্লাস করতে আমার ইচ্ছেই করত না। ভালো ভালো কিছু ছেলেমেয়েদের সাথে বন্ধুত্ব হয়ে গেল। ওদেরও আমার মতো অবস্থা। আমরা একসাথে ক্লাস কেটে আড্ডা মারতাম সাহা ইনস্টিটিউটের ক্যান্টিনে বসে। এসবই বেশি ভালো লাগত। তাই স্মৃতির পাতায় পড়াশুনো ও মাস্টারমশাইদের সাথে মেলামেশার অভিজ্ঞতা এতদিনে বাপসা হয়ে গেছে। তবে যেটা সুস্পষ্ট মনে আছে সেটা হল আরএনসি (রবিনদা) স্যারের সাথে ইন্ডাস্ট্রিয়াল ট্যুরে যাওয়া। রবিনদা-কে আমরা একেবারে বন্ধুর মতো পেয়েছিলাম। আজও সেই ফিলিংটা রয়ে গেছে আমাদের মধ্যে।

এম টেক-এর সময় অরিজিনাল কিছু প্রজেক্ট করার ইচ্ছে হল। তার জন্য বিষয় হিসেবে

বায়ো-ইলেকট্রনিক্স বেছে নিলাম। ডক্টর তাপস কুমার মিত্র (টিকেএম-স্যার) আমার প্রজেক্টের গাইড হতে রাজি হয়েছিলেন।

প্রজেক্টে আমার কোনো পার্টনার ছিল না। হয় আমার সাবজেক্টটা কেউ পছন্দ করেনি অথবা আমার সাথে কাজ করা কারুর পছন্দ ছিল না! তাই শেষে একাই নেমে পড়েছিলাম অজানার সন্ধানে। ECG, EEG আর EMG (Electro-Myograph) –এসবের ওপর প্রাকটিক্যাল প্রজেক্ট। অনেকটা সাফল্য পেয়েছিলাম। ইচ্ছে ছিল এই নিয়ে আরও কাজ করার। কিন্তু জাগতিক কারণে এই নিয়ে রিসার্চের কাজে এগোনো হয়নি। কিন্তু স্বপ্নটা যায়নি। আজও মনে হয় এই নিয়ে বড়ো কিছু কাজ করি। যাক সেসব কথা।

ডিপার্টমেন্টে আমার খুব কাছের বন্ধুদের নামগুলো বলা হয়নি। দু-জোড়া বন্ধু সুজিত-অর্চনা, প্রবীর-অনু, প্রলয়, বাকি থাকলাম উৎপলা আর আমি। এই নিয়েই আমাদের অ্যাপ্লায়েড ফিজিক্সের ১৯৭০-৭৫এর প্রখ্যাত বা অখ্যাত স্টুডেন্টদের গ্রুপ। জনান্তিকে বলে রাখি, পরীক্ষার রেজাল্টের হিসেবে এই গ্রুপের সব ছেলেমেয়েরাই প্রথম ১০ জনের মধ্যে ছিল। –কেবল আমি ছাড়া।



অ্যাপ্লায়েড ফিজিক্স ছাড়ার শেষ বেলায় সায়েন্স কলেজের মেন গেটের সামনে দাঁড়িয়ে যে আলোচনা হচ্ছিল, পরবর্তীকালে আমাদের কাছে তা অমর হয়ে রইল মান্না দে-র বিখ্যাত গান “কফি হাউসের সেই আড্ডাটা আজ আর নেই” এর মধ্যে দিয়ে। সবাই আস্তে আস্তে বাড়ি ফিরতে লাগল। আমি আর উৎপলা কথা বলতে বলতে আনমনে হাঁটা দিয়েছিলাম সায়েন্স কলেজ থেকে গোলপার্কের দিকে। গোলপার্ক পৌঁছে খানিকটা সম্মিত ফিরে পেলাম। উৎপলার বাড়ি এসে গেছে। আমিও বাড়ি ফেরার জন্য শ্যামবাজারের বাস ধরলাম। এখানেই গল্পের ইতি।

শেষ বেলায়, কবিগুরুকে স্মরণ করে তার ‘সাধারণ মেয়ে’ কবিতার দুটো লাইন অনুসরণ করে বলতে ইচ্ছে হচ্ছে...

‘আমার কথাটি ফুরোলো নটে গাছটি মুড়োলো...
হায়রে সামান্য ছেলে (মেয়ে), হায়রে বিধাতার সৃষ্টির অপব্যয়!’



Author: Ranjan Ghosh is an Applied Physics alumnus of 1970-batch. He joined ONGC after completing his M Tech degree and later transferred to GAIL India Ltd at the initial phase of its formation and worked there in various capacities till 2011 when he retired as Executive Director, leading the Corporate Planning, Strategy, Sustainability and Business Development groups.

He is a Multidisciplinary Thought Leader with more than four decades of innovation focused leadership roles in the Corporate and Consulting space. Passionate about leading large multidimensional projects through Strategic and Design Thinking, Change Management and outcome based, result oriented implementation. Especially interested in Technology focused innovative L&D solutions for Corporates and industries. He has also deep interest in Technology driven Integrative Healthcare Solutions space. The link to his LinkedIn profile is: <https://www.linkedin.com/in/rghosh2000>



Steam Equipments Pvt Ltd
Plot no. 44, Tiny Industrial
Estate,
Kondhwa Budruk, Pune –
411048
Maharashtra, India
MOBILE: 9970042215
sales@steamequipments.com



Steamlok engineering pvt Ltd
S Block, MID C, Bhosari,
Bhosari, Pune,
Maharashtra 411026
MOBILE: +91 9881566175
sales@steamlokengineering.com



**10 Sharland Street, Driehoek,
Germiston, Johannesburg,
South Africa**
MOBILE: +27 (0) 83 286 4224
FAX: +27 (0) 86 514 2738 | E:
niren@steamequipments.com

STEAM EQUIPMENTS PVT LTD

সায়েন্স কলেজের সোনালি স্মৃতি

দীপঙ্কর সাহা

উনিশ-শো একাত্তরের বি এস সি পরীক্ষার ফল বেরোল বাহাত্তরে। ভরতি হলাম ফলিত পদার্থবিজ্ঞান বিভাগে। প্রথম দিনেই পরিচয় হল আরও অনেকের মধ্যে অনীশ দেব-এর সাথে।

একটু সিরিয়াস টাইপের ছেলে, থাকে গৌরীবাড়ি অঞ্চলে। কলেজ ফেরতা সন্ধ্যাবেলা বাসে ওঠা যখন দুঃসাধ্য মনে হত, অনীশের প্রস্তাবে সাড়া দিয়ে দু-জন মিলে পায়ে হেটে রওয়ানা দিতাম। অচিরেই অন্তরঙ্গতা গড়ে উঠল।

এম টেক-এর প্রজেক্ট করি সমীরবাবু স্যারের কাছে। কাজটা ছিল ইন্ডাকটিভ ভোল্টেজ ডিভাইডার তৈরি করা। কাজটি ছিল বেশ কঠিন এবং সমীরবাবুর প্রিয় প্রজেক্ট। প্রথম দিকে অনেক খোঁজাখুঁজি করেও বিশেষ কোনো হদিশ পাচ্ছিলাম না। যাই হোক সমীরবাবু স্যার আমাদের দিয়েছিলেন একটি আলাদা চেম্বার, গিরীনবাবু স্যার যে চেম্বারে বসতেন, মণীন্দ্রর ক্যান্টিনের কাছেই।

আমার পার্টনার ছিল তরুণ তপন রায়। দুপুরবেলা খাওয়া-দাওয়া সেরে কাজে বসি রুটিন মতো। একদিন হয়েছে কী, দুপুরবেলা স্যার চেম্বারের বন্ধ দরজা খুলে দেখেন আমরা দু-জন মহানন্দে পাঞ্জা লড়ছি। কোনো কথা না বলে স্যার হলেন অ্যাভার্ট টার্ন, মুখ কাচুমাচু করে দু-জন গোলাম স্যারের কাছে।

অনেক খেটেখুটে ইন্সট্রুমেন্টটা বানিয়েছিলাম। তিনটি ইমপোর্টেড রিঙ টাইপের ম্যাগনেট দিয়ে তৈরি, বেশ কমপ্লেক্স ডিজাইনের। কাজটা শেষ হল, এবার ক্যালিব্রেশনের পালা। হাতে আর বেশি সময় নেই। এমন সময় একটা ম্যাগনেট গেল খারাপ হয়ে। স্যারের মুখ চুন, সেইসাথে আমাদেরও। প্রায় অসম্ভব জেনেও বললাম ম্যাগনেট যদি পাওয়া যায় আমি ইন্সট্রুমেন্টটা দাঁড় করাবই। সৌভাগ্যক্রমে পাওয়া যায় ম্যাগনেট এবং চ্যালেঞ্জ অনুযায়ী কাজটা শেষ করি সময়ের মধ্যে। গিরীনবাবু স্যার ছিলেন এক্সটার্নাল। ক্যালিব্রেশনটা ঠিকমতো করে দেখাতে পেরেছিলাম।

এরপর চাকরি নিয়ে ইন্সট্রুমেন্টেশন লিমিটেড কোটায় চলে যাই, প্রথমবার ছুটিতে কলকাতা ফিরে কলেজে যেতেই স্যার দেখালেন (এবং কপি দিলেন), একটা পাবলিশড পেপার, বিষয় ইন্ডাকটিভ ভোল্টেজ ডিভাইডার। তার প্রথমেই আমার নাম, তারপর তরুণ তপনের এবং শেষে সমীরবাবু স্যারের।

বি টেক সেকেন্ড ইয়ার, লাঞ্চার পরেই থাকে প্র্যাকটিক্যাল ক্লাস। অজয়বাবু স্যার প্র্যাকটিক্যাল ক্লাস করান। এদিকে মোহনবাগানের খেলা থাকলেই আমি তো অবধারিতভাবে ময়দানে ছুটি। অজয়বাবু স্যার একদিন বলেই ফেললেন— দীপঙ্কর ফাঁকিটা একটু বেশি হয়ে যাচ্ছে। এদিকে ভূপেনদার কল্যাণে অফ পিরিয়ড থাকলে ফাঁকি মারা প্র্যাকটিক্যালগুলো করে নিতাম সিরিয়াসলি। দেখেশুনে আশা করি অজয়বাবু স্যার হয়তো বুঝেছিলেন, আমায় যতটা ফাঁকিবাজ ভাবতেন, ততটা হয়তো নই!

বি টেক পার্ট টু-র পরীক্ষা চলছে, লং ডিসট্যান্স ট্র্যান্সমিশনের একটা অঙ্ক করতে দেওয়া হয়েছে। ফার্স্ট বেঞ্চে আমি, লাস্ট বেঞ্চে দেওকি নন্দন টিবিরিওয়াল। হঠাৎ কানে গেল দেওকি অঙ্ক করে কাউকে বলছে উত্তরটা এত। আমার কানে যেতেই জানিয়ে দিলাম— ভুল, উত্তর হবে এত। অজয়বাবু স্যার গার্ড দিচ্ছিলেন। বললেন— ‘দীপঙ্কর, লং ডিসট্যান্স ট্র্যান্সমিশন হয়ে যাচ্ছে’!!

এম টেক শেষ করে বসে আছি। সুধেন্দুবাবু স্যারের কাছে একটা প্রজেক্ট এসেছে ডেভেলপমেন্ট অব লো টেম্পারেচার হিট পাইপ উইথ অ্যানালিকেশন টু স্পেস টেকনোলজি। গেলাম স্যারের কাছে। স্যার বললেন— দীপঙ্কর, তুমি যতদিন চাকরি না পাও, স্টপ গ্যাপ হিসাবে কাজটা কি করতে চাও? উত্তরে আমি বলি— স্যার কথা দিচ্ছি যতদিন থাকব, শতকরা একশো ভাগ মন দিয়ে কাজ করব। তবে ইন্সট্রুমেন্টেশনের ভালো চাকরি পেলে, তবেই আপনাকে জানিয়ে তারপর ডিসিশন নেব। মাস দুয়েক বোধহয় ছিলাম ওই প্রজেক্টে এবং কথা রেখেছিলাম অক্ষরে অক্ষরে। যদিও কাজ খুব একটা এগোয়নি।

আবার অনীশের কথাই ফিরে আসি। কলেজে অনীশ ছিল আমার এক নম্বর অন্তরঙ্গ বন্ধু। চাকরিতে জয়েন করবার পর প্রথমবার যখন ছুটিতে কলকাতা ফিরি, হাওড়া স্টেশনে নামতেই দেখি অনীশ এসে হাজির। বাইরে বেরোতেই বলে— অনেকদিন পর কলকাতা ফিরে কী দেখছিস? আমার তৎপর উত্তর ছিল, —দেখছি, অপরিচিত লোকরাও বাংলায় কথা বলে!

এরপর তরুণ তপনের কথা না বললে লেখাটা অসম্পূর্ণ থেকে যাবে। তরুণ তপন রায় সাদাসিধা ত্রিপুরার ছেলে, আমার খুব কাছের বন্ধু ছিল। মাত্র ক-দিন আগে ও চলে গেছে আমাদের ছেড়ে। এম টেক পরীক্ষা সামনে, আমার ঠিক উপরের দাদা ছ-সাত বছর পর আমেরিকা থেকে দেশে ফিরেছে মাসখানেকের ছুটিতে। রোজই বাড়ি আসছে হয় কোনো আত্মীয়-স্বজন নয়তো কোনো বন্ধু। এদিকে সারা বছর তো যথারীতি ফাঁকি মেরেছি, পরীক্ষার আগে আদা-জল খেয়ে লাগা তো দূরের কথা পড়তে বসতেই পারছি না মন দিয়ে। তরুণ তপনকে বললাম ড্রপ দেওয়া ছাড়া কোনো উপায় নেই। তরুণ তপন বলল— হস্টেলে চলে আয়, আমার গেস্ট হিসাবে। গেলাম টেক হলে। সৌভাগ্যক্রমে ওর রুমমেট তখন ঘরে নেই। পরীক্ষার শেষে বাড়ি চলে গেছে। এতে সুবিধা হয়ে গেল আমার।

পার্ট টু পরীক্ষার সময় আবার মুশকিল। এবার দাদার বিয়ে। দিন ঠিক হয়েছিল পরীক্ষার সম্ভাব্য সময়ের অনেকটা পরে। কিন্তু পরীক্ষার দিনও পিছোতে পিছোতে সেই সময়েই পড়ল। আবার

গেলাম মুশকিল আসান তরুণ তপনের কাছে। আবার সেই একই ঘটনার পুনরাবৃত্তি ঘটল। টেক হলে থেকে এম টেক পরীক্ষায় উত্তীর্ণ হলাম পর পর দু-বার।

সায়েন্স কলেজে ভরতি হয়েছি কয়েক মাস হল। কলেজ রি-ইউনিয়নে নাটক হবে, রবীনবাবু বললেন গ্যাংটকে গণ্ডগোল হবে। আমি বলি, স্যার, গ্যাংটকে গণ্ডগোলের নাট্যরূপ আমার কাছে করা আছে। পরদিন নাট্যরূপটা নিয়ে গেলাম। বন্ধু ও ক্লাসমেট সুব্রত বলল, সত্যজিৎ রায়ের থেকে অনুমতি নেওয়া দরকার। টেলিফোন করে অ্যাপয়েন্টমেন্ট নেওয়া হল। দুই বন্ধু, আমি আর সুব্রত গেলাম তাঁর বিশপ লেফ্ফয় রোডের বাড়িতে। নাট্যরূপটা হাতে নিয়ে বললেন, আমি একটু পড়ে দেখি। আপনারা আগামীকাল আসুন। টুকটাক দু-চারটে কথার পর আমরা বিদায় নিলাম।

পরদিন দুই বন্ধু আবার গেলাম ওই বাড়িতে। উনি বললেন, নাট্যরূপ ঠিক আছে। আপনারা করুন নাটক। তবে এই জিনিস নাটকে ঠিক জমবে না। পুরোটাই ভিসুয়াল ব্যাপার। ফেলুদার গল্প নিয়ে আমার ছবি করার প্ল্যান আছে।

ফিরে, সবাইকে বলি, সত্যজিৎ রায় কোনো কারেকশন ছাড়াই নাট্যরূপ অনুমোদন করেছেন। উনি ফেলুদাকে নিয়ে সিনেমা করবেন। কেউ বিশ্বাস করেনি। সত্যজিৎ রায় এত হালকা বিষয় নিয়ে ছবি করবেন, কেউ ধারণা করতে পারেনি। এটা ছিল বাহান্নর সালের ঘটনা, এর ঠিক তিন বা চার বৎসর পরে আমরা পেলাম, ফেলুদার গল্প নিয়ে এক অনুপম ছায়াছবি – সোনার কেপ্তা।



লেখক : দীপঙ্কর সাহা অ্যাপ্লায়েড ফিজিক্সের ১৯৭২ সালের ব্যাচের ছাত্র। পাশ করে প্রথমে রাজস্থানের ইন্সট্রুমেন্টেশন লিমিটেড কাজে যোগ দেন। সেখানে এগারো বছর কাজ করেন। এরপর স্টিল অথরিটি অব ইন্ডিয়ায় তেইশ বছর কাজ করেছেন। অবসর নেওয়ার পর বছর দুয়েক এল অ্যান্ড টি কম্পানিতে কনসালটেন্ট হিসেবে কাজ করেন। ছোটবেলা থেকেই লেখালেখির অভ্যাস ছিল। স্কুলে পড়াকালীন মাসিক দেওয়াল পত্রিকা সম্পাদনা করেছেন। সত্তরের দশকে নিজের নামে ও “শঙ্খদীপ সেন” ছদ্মনামে প্রচুর রহস্য, রোমাঞ্চ, ভৌতিক ও কল্পবিজ্ঞান শ্রেণির লেখা বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে। কিছু অনুবাদ কাজও করেছেন। ইতিমধ্যে দুটি গল্পগ্রন্থও প্রকাশিত হয়েছে।

A Tryst That Resulted in Lifetime Love

Debiprasad Ghosh

I just would have missed the extraordinary people in the teaching also the staffs and my, all the friends and seniors to whom I necessarily am indebted, for my life that I passed, till now. I do still remember the day I registered to B. Tech course of study in 1976 (though scheduled to be 1974).

When I started to fill in the form, mentioning my choice for Pure Physics, my friend extraordinaire, Sri Susanta Sarkar just nabbed me by my hand and with a great thunderous voice just scolded me to change the option to Applied Physics. My protest was wiped out, subduing my fragile personality. I obeyed in accordance with a barely audible protest and the story began.

Student as I was, just a mediocre and my friends all, I think were better than me, brighter and I got the privilege of mixing with them sitting with them and learning with them. I may not be explicit but all of my friends always supported me at any situation, odd. All of them became established in their respective work places. The human quality among each of them were nourished thoroughly by the teachers, the respected ones, under whom we got the concession of study. Right from Prof. Srikrishna-babu (SPB) the senior most to the then junior most teacher Robin-babu (RNC) bore so much filial love and their organised, disciplined approach to teaching compelled us to study and enjoy the subjects.

Still remember vividly our truancy and our playful events. We used to play cricket, obviously with canvas ball (combis) in front of our building. The small strip of virgin land in front was the place where we played, now has been occupied with small concrete benches and all. The badminton was played in the courtyard of Applied Chemistry.

Some of the mischiefs account for singing among us in the measurement lab before start of the classes while AKS the dignified Prof. Sen appeared all of a sudden from the blue and being astonished, could only rebuke us

but in a very humble and timid manner. So were the days where Prof S. N. Ghosh (chaired as RB Ghosh Professor) came to the class and expressed his dismay saying “_I have travelled so many countries, nowhere I found even the girl students shout so much!”_ with “isen et” his characteristic suffix. Couldn’t follow Prof. M De’s (the then Head and a stalwart in his field of optics) lecture, tried to draw his attention to explain which he ignored. I kept my eyes shut throughout thereafter. At the end of the class, I requested SIR, to circulate his lectures a day in advance before delivering them. He just calmly told in disgust that “_you care not for the lecture as I saw you sleeping all along_”. Once outside of the class he referred to the screaming and desk beating in the class of Prof S. N. Ghosh. I denied the desk beating part which actually we didn’t do. But Prof. De told in Bengali “tomra toe shob sadhu Judhistir”_doubting our honesty. In spite of all such dissensions even, I perceived that SIR, Prof De never bore those in his mind against any student, as when I approached him for a friend to enrol him to M. Tech in spite of a short fall from the cut off marks, he arranged it utilising his extra official power.



Author: Debiprasad Ghosh, an Applied Physics alumni of the 1974-batch. Served at SAIL and Saha Institute of Nuclear Physics and for a very short spell at Hindustan Copper Ltd at the beginning of service carrier after graduation from Applied Physics. Got married to fellow batchmate Sm. Swapna Ghosh and the name of our only daughter is Dhrujadi.

কথার গা ঘেঁষে স্মৃতি বিজড়িত কিছু কথা সাজিয়ে তোলা

স্বপ্না ঘোষ

এক দীর্ঘ কবিতা। গদ্যে লেখা।

নির্ধারিত ১৯৭৪-এর পরিবর্তে ১৯৭৬ সালে শুরু অ্যাপ্লায়েড ফিজিক্সের সঙ্গে সংযুক্ত জীবন, ছাত্রী হয়ে বি টেক প্রথম বর্ষের। অনেক আনন্দ, খানিক ভয়, আমি যোগ্য তো! নতুন বন্ধুদের সঙ্গে আলাপ হয় ক্লাস শুরু। প্র্যাকটিক্যাল ক্লাসে লেদ মেশিন দেখে একটু ঘাবড়েই যাই, পারব তো! তারপর ভাবি পারতেই হবে। থিয়োরি ক্লাসে একের পর এক দেখা হয় শিক্ষাগুরুদের সঙ্গে, প্রত্যেক শিক্ষকই এত স্নেহ নিয়ে এভাবে বোঝান, প্রতিটি বিষয়! এ যে না বুঝে উপায় নেই। প্রতিটি বিষয়ের প্রতি দিনে দিনে আগ্রহ বাড়ে শিক্ষকদের পড়ানোর ধরনের জন্যই। বন্ধুদের সঙ্গেও দিনে দিনে ঘনিষ্ঠতা বাড়ে, দিনগুলোকে মনে হয় যেন একটু বেশি আলোকিত। দাদা দিদিদের সঙ্গেও পরিচয় হয়, নতুন ঢেউয়ে ভাসি।

সাধারণের থেকেও সাধারণ মানের ছাত্রী ছিলাম, শিক্ষকেরা ছিলেন শিক্ষাদানে এতটাই একনিষ্ঠ এবং স্নেহপ্রবণ যে আমার মতো অতি সাধারণ মানের ছাত্রীও থমকে থামেনি। থিয়োরি এবং প্র্যাকটিক্যাল ক্লাসের বিশদ বিবরণ দিচ্ছি না, অ্যাপ্লায়েড ফিজিক্সের সঙ্গে যুক্ত সকলেরই সেটুকু জানা। সেটুকু লেখা, অকারণ দারুণ গ্রীষ্মে শাল জড়িয়ে নেওয়া।

১৯৭৯ সালে অ্যাপ্লায়েড ফিজিক্সের বি টেক পাঠ সমাপ্ত হয়। জীবনের শুধু তিনটে বছর বিস্তৃত হতে হতে পুরো জীবনকেই হাতের মুঠোয় কখন যে নিয়ে নিল, আজ বয়সে পশ্চিমে চলেও মনে হয়, কিছুই তো ভুলিনি, প্রতিটি ঘর, সব যন্ত্রপাতি, ক্লাসরুম, ব্ল্যাকবোর্ড আর সবকিছু ছাপিয়ে প্রণম্য শিক্ষকেরা দিনে দিনে উজ্জ্বল হতে উজ্জ্বলতর। যাঁদের শিক্ষক হিসাবে পেয়ে আমরা ধন্য তাঁদের নাম উল্লেখ না করা মহা অন্যায্য হবে, তাঁদের নাম উল্লেখ করছি।

শ্রীযুক্ত মনোরঞ্জন দে মহাশয় (এম দে), তৎকালীন বিভাগীয় প্রধান। শ্রীযুক্ত অজয় কুমার চক্রবর্তী মহাশয় (এ কে সি), শ্রীযুক্ত অমিতাভ বসুরায় মহাশয় (এ বি আর), শ্রীযুক্ত অজয় কুমার সেন মহাশয় (এ কে এস), শ্রীযুক্ত দিলীপ কুমার বসু মহাশয় (ডি কে বি), শ্রীযুক্ত শচীন্দ্রনাথ চক্রবর্তী মহাশয় (এস এন সি), শ্রীযুক্ত কান্তি ভূষণ দত্ত মহাশয় (কে বি ডি), শ্রীযুক্ত বলরাম ভট্টাচার্য মহাশয় (বি বি ওয়ান), শ্রীযুক্ত ভাস্কর ভট্টাচার্য মহাশয় (বি বি টু), শ্রীযুক্ত তাপস কুমার

মিত্র মহাশয় (টি কে এম), শ্রীযুক্ত অসিত কুমার দত্ত মহাশয় (এ কে ডি), শ্রীযুক্ত মানস কুমার জোয়ারদার মহাশয় (এম কে জে), শ্রীযুক্ত সুবোধ ফৌজদার মহাশয় (এস পি), শ্রীযুক্ত শুধেন্দু প্রসাদ বসু মহাশয় (এস বি), শ্রীযুক্ত শঙ্কুনাথ দত্ত মহাশয় (এস এন ডি), শ্রীযুক্ত রবীন্দ্রনাথ চক্রবর্তী মহাশয় (আর এন সি), শ্রীযুক্ত শ্রীকৃষ্ণপ্রসাদ ভট্টাচার্য মহাশয় (এস পি বি), প্রফেসর সুবোধ চন্দ্র সোম মহাশয়, প্রফেসর এস এন ঘোষ মহাশয় (এস এন জি), শ্রীযুক্ত অশোক কুমার মুখোপাধ্যায় মহাশয় (এ কে এম), শ্রীযুক্ত দেবব্রত বসু মহাশয় (ডি বি), শ্রীযুক্ত রাধেশ্যাম ব্রহ্মচারী মহাশয় (আর বি)। এ ছাড়া ছিলেন ল্যাব সহযোগী ভূপেনদা, শিবুদা, বৈষ্ণবদা, উমেশ, আরও কেহ কেহ? কেউ কী বাদ পড়লেন স্মৃতি থেকে? তার জন্য মার্জনা চেয়ে নিচ্ছি।

পড়াশুনা তো মেরুদণ্ড। তাছাড়াও এক আকর্ষণীয় অনুষ্ঠান পুনর্মিলন। সিনিয়রদের সঙ্গে দেখা, সাংস্কৃতিক অনুষ্ঠান, কয়েকজন শিক্ষকের বিশেষ কোনো বিষয় নিয়ে বক্তব্য রাখা, সব মিলিয়ে রঙে রঙে ভরা, দুটো দিন কীভাবে যে কেটে যেত।

এম টেক-এ ভরতি হয়েও পড়া হয়নি, বি টেক শেষ করেই অ্যাপ্লায়েড ফিজিক্স পঠন-পাঠনে ইতি টানলাম। কিন্তু ওই বাড়িটি যার গায়ে লেখা APPLIED PHYSICS, এক অর্থে আমার মন্দির, সেখান থেকে বিদায় নেওয়া কী সহজ! আমি পারিনি। বাড়িটির ছায়া, শিক্ষকদের শিক্ষাদান ও স্নেহ, বন্ধুরা, আমার সঙ্গেই রয়েছেন, আষ্টেপৃষ্ঠে আঁকড়ে।

একটু বন্ধুদের কথা বলি। বন্ধুদের জয়া ব্যতিরেকে সবাই পুরুষ, কিন্তু ওরা আমার পুরুষ বন্ধু নয়, শুধুই বন্ধু, বন্ধু। বড়ো আপনজন ওরা সবাই, এতটাই আপন, ওঁদের যে-কোনো একজনের বাড়িতে গিয়ে আমি বলতে পারি, এই তোর বউকে বলত, দুধ চিনি দিয়ে একটু ভালো করে চা বানাতে, ফাঁকিবাজি লিকার চা নয়। এই বন্ধুত্ব অ্যাপ্লায়েড ফিজিক্সের শিক্ষকদের দান। বইয়ের পাতা ছেড়ে যা বিস্মৃত ছাত্র-ছাত্রীদের জীবনের প্রতিটি তাল ছন্দে সুখ দুঃখে, সমব্যথী হয়ে বাঁচার জেদে। আর একটু বলব। অ্যাপ্লায়েড ফিজিক্স ভিন্নতর এক তরঙ্গে আমায় জড়িয়ে ফেলে, সহপাঠী শ্রীযুক্ত দেবীপ্রসাদ ঘোষের সঙ্গে ১৯৮০-তে ঘর বাঁধি। ঘরটি উঠোনে নয়নতারার প্রস্ফুটিত আবেগে দিব্যি আছে অ্যাপ্লায়েড ফিজিক্সের ছোঁয়া নিয়ে।

এখন বয়স সত্তরের দিকে এগোচ্ছে। অনেকেই বলেন সূর্যাস্তের সৌন্দর্য নাকি সূর্যোদয়ের সৌন্দর্যের থেকে অনেক বেশি। তবে সূর্যাস্তের পর তো অন্ধকার। অন্ধকারও সত্য যেমন আলো সত্য। সত্য আমাদের অ্যাপ্লায়েড ফিজিক্সের গুরুসম সকল শিক্ষকের শিক্ষা, সত্য ওই বাড়িটি, আগামী দিনের ছাত্র-ছাত্রীরা, তাঁদের মাথার উপর শিক্ষকের স্নেহের হাত।

ভালো থাকো অ্যাপ্লায়েড ফিজিক্স। শুভেচ্ছা শুভকামনা ভালোবাসায়...



লেখক পরিচিতি : শ্রীমতী স্বপ্না ঘোষ, ১৯৭৪ ব্যাচের অ্যাপ্লায়েড ফিজিক্স প্রাক্তনী। পাঠ শেষ করেও পেশায় আসেননি। স্বেচ্ছায় বেছে নিয়েছেন নিবিড় সাহিত্যচর্চা। কয়েকখানি বইয়ের রচয়িতা। তবু হৃদ-মাঝারে রেখে দিয়েছেন অ্যাপ্লায়েড ফিজিক্সকেই।

SECTION-V • Alumni Association

alumni association highlights

প্রাক্তনী সভাসমাচার



With Best Compliments from



JAC ENGINEERING WORKS (P) LTD

ISO 9001: 2015 Registered Company

Electrical & Mechanical Engineers & General Order Suppliers

FACTORY : 33 & 34 M.C. GHOSH LANE, HOWRAH - 711101

REGD.OFFICE : 33/2 M.C. GHOSH LANE, HOWRAH - 711101

GSTIN: 19AAACJ7890A1Z1

Contact No: 9433896579

E-mail: jatindra476@gmail.com

APPLIED PHYSICS ALUMNI ASSOCIATION

A family with the grandeur of century-old sequence

OUR MISSION

TO HAVE A GRAND TOGETHERNESS AMONG ALL PAST STUDENTS
TO STAY BESIDE THE DEPARTMENT IN EVERY POSSIBLE WAY
TO WORK FOR THE WELFARE OF THE STUDENTS

PLEASE COME FORWARD AND JOIN HANDS TO REJUVENATE
ITS ACTIVITIES

CONTACT: PROF SAMARJIT SENGUPTA
< samsgp123@gmail.com >

Following are the testimonies of the activities of APAA

Website: www.cuapaa.com

Interview of Prof Dipak Chandra Patranabis in 2-Parts:
<https://youtu.be/WCeILSi7JxM>https://youtu.be/_Qf-qkoRloc

Interview with Kunal Sen: <https://youtu.be/vYwH8UGCO0E/>

Video of the first-day at the Alumni Association room:
<https://youtu.be/e072SrTP6cc/>

Newsletters of APAA Published so far are:

<https://www.cuapaa.com/Newsletters-2023/newsletter-2023-1.html>

<https://www.cuapaa.com/Newsletters-2023/newsletter-2023-2.html>

<https://www.cuapaa.com/Newsletters-2023/newsletter-2023-3.html>

<https://www.cuapaa.com/Newsletters-2023/newsletter-2023-4.html>

The video of the talk by Dibyendu Datta: <https://youtu.be/RpoVjQjzYQE/>

The video of the talk by Susanta Saha: <https://youtu.be/0JXJpyM2bH8>

Video of the Tech Talk by Mriganka Basak: <https://youtu.be/cXQ2p83LJBE>

Click to View the Video Recording of the Tech Talk delivered by
Swarup Talukder

[https://drive.google.com/file/d/1LdvznvGCSgn3zKR9osTtcOZIU3d8LdF9/
view?usp = drivesdk](https://drive.google.com/file/d/1LdvznvGCSgn3zKR9osTtcOZIU3d8LdF9/view?usp=drivesdk)

Click to View the Video Recording of the Tech Talk delivered by
Sri Tapan Dasgupta

[https://drive.google.com/file/d/1k3T1inELhnlEgqipnrT_vClA3-C0_mbZ/
view?usp = drivesdk](https://drive.google.com/file/d/1k3T1inELhnlEgqipnrT_vClA3-C0_mbZ/view?usp=drivesdk)

The LinkedIn page: [https://www.linkedin.com/in/alumni-association-
applied-physics-cu-238ba3268/?originalSubdomain = in/](https://www.linkedin.com/in/alumni-association-applied-physics-cu-238ba3268/?originalSubdomain=in/)

Facebook: <https://www.facebook.com/CUAPAA/>

A ROOM FOR THE ALUMNI ASSOCIATION

A room has been allotted to the Alumni Association within the Department. This opens up the opportunity for the members to meet there at regular interval.

Alumni members are welcome to visit the room.

Appendix

বিশেষ সংযোজন

EMPOWERING GREENER TOMORROW



Agni Green Power Limited

114, Rajdanga Gold Park, Kolkata - 700107, West Bengal
Email: info@agnipower.com, Web: www.agnipower.com
Phone: (033) 4061 0038, 4005 1193

1 Credentials:


- Consistent Green Industry player for last 28 years
- EPC system integrator and manufacturer of Solar
- PCUs & BOS items with in house R&D centre
- PAN India Presence including 5 regional offices and factory
- 8000+ Solar Power plants
- 15000+ Solar Street Lights
- 4000+ Solar Home Lighting System
- 500+ Solar Pumps
- Manufacturer and exporter of Solar PCU (10 100KVA)

2 Our Services:

- Turnkey Solution for
 - Ongrid and Offgrid Solar PV Power Plants
 - AC/DC Solar Pumps
 - Solar Street Lights
- Conceptualization and Consultancy

3 Our Products:

- Offgrid and Hybrid Power Conditioning Units/ Inverters from 600VA to 150 KVA
- Remote Monitoring & Diagnostic System
- AC/DC Distribution Panels
- AJB, MJB Combiner Boxes for Solar PV Plants
- Solar Home Lighting Systems
- Solar Street lights
- Solar Generators
- Solar Pump Controllers
- Solar Adaptors (Solarizer)



With Best Compliments from



The Buglabs
Unleash Possibilities, Together

**Digital Solution
Cloud enablement
IT Consultation**

**9, Mukherjee Para Lane,
Dhakuria, Kolkata - 700031
+91 98308 29525
info@thebuglabs.com
www.thebuglabs.com**

Reminiscences of Applied Physics Department

Santosh Rana (1942-2019)

[Excerpts from the award-winning autobiographical writing in Bengali ‘রাজনীতির এক জীবন’ (A Life of Politics) by Santosh Rana - a publication of Ananda Publishers, 1st Edition 2017, 3rd Reprint 2018. We acknowledge our indebtedness to the Publisher whose permission had already been sought for. The caption of the excerpts is named by editorial board. Paragraphs quoted are identified by the respective page numbers of the original book. While the account of the Applied Physics occupies a brief space scattered within the myriad-faced life story in the fairly voluminous book, it profoundly mirrors the ambience and ideas of one’s alma mater during the sixties of the last century. Also it portrays the persona of a great teacher, a doyen of his academic arena but with a deep sense of affection for one of his brilliant and intense scholars who left the campus for ever for a different cause. – *Editorial Board*]

[পৃষ্ঠা ৯০-৯১]

... ওই পর্যায়ে স্কুলে তিন মাস পড়িয়েছিলাম। অল্প সময়ের মধ্যেই ছাত্রদের কাছে খুব জনপ্রিয় হয়ে গেছিলাম। সেই ছাত্রদের অনেকে ছিল আমার চেয়ে বয়সে মাত্র দু-এক বছরের ছোটো বা আমার সমবয়সি। তার কারণ আমি অপেক্ষাকৃত কম বয়সে পড়াশোনা শুরু করেছিলাম এবং মাত্র চোদ্দো বছর বয়সে স্কুল ফাইনাল পাশ করেছিলাম। যখন বি.এসসি. পরীক্ষা দিই তখন আমার বয়স মাত্র আঠারো।

রাজাবাজার সায়েন্স কলেজ

নয়াবসান হাইস্কুলে শিক্ষকতা করার সময়েই খবর পেলাম যে বি.এসসি. পরীক্ষার ফল বেরোতে

চলেছে। আমি কলকাতা চলে এলাম। ফিজিক্স অনার্স নিয়ে যারা পাশ করেছে তাদের কাছে স্নাতোকত্তর পড়ার জন্য তিনটে বিকল্প ছিল। পিয়োর ফিজিক্সে দু-বছরের এম.এসসি., অ্যাপ্লায়েড ফিজিক্সে তিন বছরের এম. টেক. এবং রেডিয়োফিজিক্স ও ইলেকট্রনিক্সে তিন বছরের এম. টেক.। পিয়োর ফিজিক্সের জন্য রাজাবাজার সায়েন্স কলেজ বা প্রেসিডেন্সি কলেজ যেকোনো জায়গায় ভরতি হওয়া যেত। এদের থিয়োরির ক্লাস একসঙ্গে হত, কিছু ক্লাস হত রাজাবাজারে আর কিছু ক্লাস প্রেসিডেন্সিতে। প্র্যাকটিক্যাল ক্লাস আলাদা ছিল। সায়েন্স কলেজের ছাত্রছাত্রীরা রাজাবাজারে প্র্যাকটিক্যাল করত এবং প্রেসিডেন্সির ছাত্রছাত্রীরা করত প্রেসিডেন্সির ল্যাবরেটরিতে। রাজাবাজারে অ্যাপ্লায়েড ফিজিক্স ও রেডিয়ো ফিজিক্সের আলাদা বিল্ডিং ও ডিপার্টমেন্ট ছিল। এম. টেক-এর জন্য দু-বছরের মাথায় বি. টেক পরীক্ষা হত এবং তৃতীয় বছরের শেষে এম. টেক. পরীক্ষা। অ্যাপ্লায়েড ফিজিক্সে যারা ভরতি হত তাদের প্রথম দু-বছর একই কোর্স পড়তে হত। সেটা মূলত ছিল উচ্চস্তরের গণিত এবং মেকানিক্যাল ও ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পাঠক্রম। তৃতীয় বর্ষে তিনটে আলাদা ভাগ ছিল। অ্যাডভান্সড অপটিকস, ইলেকট্রিক্যাল মেশিন ও পাওয়ার ডিস্ট্রিবিউশন এবং ইলেকট্রিক্যাল ইনস্ট্রুমেন্টস। আমি অ্যাপ্লায়েড ফিজিক্সে ভরতি হওয়া ঠিক করলাম।

এখন তো আর বিধান ছাত্রাবাস নেই। কিছুদিন ডোভার লেনে প্রতাপদার বাসায় থেকে অ্যাপ্লায়েড ফিজিক্সের ক্লাস শুরু করলাম। তখন বালিগঞ্জ থেকে রাজাবাজার সোজা কোনো বাস ছিল না। দশ নম্বর দোতলা বাসে শিয়ালদা গিয়ে আবার চেঞ্জ করতে হত বা হেঁটে যেতে হত। তাতে অনেকটা সময় লাগত। তা ছাড়া তখন কলকাতায় থেকে পড়াশোনা করতে হলে টিউশনি করা ছাড়া উপায় ছিল না। উত্তর কলকাতায় সায়েন্স কলেজের কাছাকাছি থাকতে পারলে যাতায়াতের সময় বাঁচে, তা ছাড়া ওই এলাকায় টিউশনি পাওয়াও সুবিধে। কিছুদিন ডোভার লেনে থাকার পর আমি গ্রে স্ট্রিটে ত্রিলোচন মামার মেসে এলাম। তখন সেখানে একটা তক্তপোশ খালি হয়েছিল। সেই তক্তপোশে বসেই পড়াশোনা করতে হত এবং খাওয়ার সময় বিছানার উপর খবরের কাগজ পেতে খাওয়া হত। চার-তলায় একটা বাথরুম ছিল তাতে আশ্বে জল পড়ত। চার-তলার তিনটে ঘরে বারোজন লোক ছিল। সকালবেলা এত লোকের স্নান-পায়খানা সারতে লাইন পড়ত। ছাদে একটা তোলা উনুন বসিয়ে রান্না হত। কয়লার ধোঁয়ায় চোখ জ্বালা করত। কলকাতায় এসে প্রথম দু-বছর বিধান ছাত্রাবাসে থেকেছি। সেখানকার তুলনায় এই মেসের জীবন ছিল অনেক কষ্টকর।

[পৃষ্ঠা ৯৫]

১৯৬২ সালে বি.এসসি. পাশ করে আমি সায়েন্স কলেজে ভরতি হই। ১৯৬৪ সালে আমার বি. টেক পরীক্ষা দেওয়ার কথা। কিন্তু '৬৪ সালে আমার বি. টেক. পরীক্ষা দেওয়া হল না। পরীক্ষার দিন-পনেরো আগে আমার প্যারাটাইফয়েড হল। মেদিনীপুর কলেজ থেকে আই. এসসি. পাশ করা কয়েকজন আর. জি. কর মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়ছিল। তারাই আমাকে আর. জি. কর মেডিক্যাল কলেজের বেঙ্গল ইমিউনিটি ওয়ার্ডে ভরতি করেছিল। সেখানে চিকিৎসা এবং সেবাযত্ন

ছিল খুব উচ্চ মানের। তাঁদের সেবা-শুশ্রূষায় দিন-সাতেকের মধ্যে আমি সেরে উঠলাম কিন্তু শরীর এত দুর্বল হয়ে গেল যে আর বি. টেক. পরীক্ষায় বসতে পারলাম না, বাড়ি চলে গেলাম।

আমার বাবার শরীর কিছুদিন ধরেই খারাপ যাচ্ছিল। এই সময়ে তাঁর অসুস্থতা বাড়ল এবং সেজন্য চিকিৎসার খরচও বাড়ল। আমি ১৯৬৫ সালে বি. টেক. পরীক্ষা পর্যন্ত কোনো স্কুলে শিক্ষকতা করব ঠিক করলাম। ঝাড়গ্রাম ননীবালা হাইস্কুলে ফিজিক্স শিক্ষকের পদ খালি ছিল। সেখানে আমাদের দূর-সম্পর্কের আত্মীয় মনোরঞ্জন সাউ অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার ছিলেন। তাঁর মধ্যবর্তিতায় স্কুলে যেতেই সেখানে আমার চাকরি হয়ে গেল। আমি ননীবালা হাইস্কুলের বোর্ডিংয়ে থেকে স্কুলে পড়াতে শুরু করলাম। বোর্ডিংয়ে আমি ছাড়াও আরও তিনজন শিক্ষক ছিলেন। মনোরঞ্জনবাবু এবং আমার স্কুলের বন্ধু সুধাংশু দাসও ওই বোর্ডিংয়ে ছিলেন। সুধাংশু কেমিস্ট্রির শিক্ষক হিসাবে যোগ দিয়েছিল। তখন আমাদের ডিগ্রি হল বি. এসসি. (অনার্স)। মাসিক বেতন হল ২৪০ টাকা। সেই সময়ে এই টাকার অঙ্কটা ভালোই। আমি একটা সাইকেল ও একটা ঘড়ি কিনলাম। এইচ.এম.টি. ঘড়ির দাম পড়েছিল ২০০ টাকা। একদিন হোস্টেলের ঘর থেকে ঘড়িটা চুরি হয়ে যায়।

প্রতি শনিবার সাইকেল করে বাড়ি চলে আসতাম, ঝাড়গ্রাম থেকে চন্দ্রী হয়ে সাইকেলে রাস্তা ছিল প্রায় ৪০ কিমি, সাইকেলে ওই রাস্তা অতিক্রম করতে আমার প্রায় দু-ঘণ্টা সময় লাগত। আবার সোমবার সকালে সাইকেল নিয়ে ঝাড়গ্রাম যেতাম।

[পৃষ্ঠা ৯৭-৯৯]

